# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম‘আ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১০) খুৎবার সময় ইমামের দিকে লক্ষ্য না করা

ইমাম যখন মিম্বরে দাঁড়িয়ে খুৎবা শুরু করবেন, তখন সকল মুছল্লী তার দিকে লক্ষ্য করবেন। এটাই ছিল ছাহাবায়ে কেরামের আদর্শ।

عَنْ أَبِىْ سَعِيْدٍ الْخُدْرِىِّ قَالَ جَلَسَ رَسُوْلُ اللهِ عَلَى الْمِنْبَرِ وَجَلَسْنَا حَوْلَهُ.

আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) যখন মিম্বরে বসতেন তখন আমরাও তাঁর আশে পাশে বসতাম।[1]

عَنْ عَدِىِّ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيْهِ قَالَ كَانَ النَّبِىُّ إِذَا قَامَ عَلَى الْمِنْبَرِ اسْتَقْبَلَهُ أَصْحَابُهُ بِوُجُوْهِهِمْ.

আদী ইবনু ছাবেত (রাঃ) তার পিতা থেকে বর্ণনা করেন, রাসূল (ছাঃ) যখন মিম্বরে বসতেন তখন তাঁর ছাহাবীগণ তাদের মুখমণ্ডলসহ তাঁর দিকে ঘুরে বসতেন।[2] শায়খ আলবানী (রহঃ) বলেন,

وَهَذِهِ مِنَ السُّنَنِ الْمَتْرُوْكَةِ فَعَلَى الْمُحِبِّيْنَ لَهَا إِحْيَاؤُهَا حَيَّاهُمُ اللهُ تَعَالَى وَبَيَّاهُمْ وَجَعَلَ الْجَنَّةَ مَأْوَانَا وَمَأْوَاهُمْ بِفَضْلِهِ وَكَرْمِهِ.

‘পরিত্যক্ত সুন্নাতগুলোর মধ্যে এটি একটি। সুতরাং যারা সুন্নাতকে মহববত করে তাদের উচিৎ তাকে পুনর্জ্জীবিত করা। তাহলে আল্লাহ তা‘আলাও তাদের সম্মান দান করবেন এবং দয়া করবেন। আল্লাহ তাঁর অনুগ্রহ ও দয়ার বিনিময়ে আমাদের ও তাদের স্থান জান্নাতে নির্ধারণ করুন’।[3]

## ফুটনোট

[1]. মুসলিম হা/২৪৭০; বুখারী হা/৯২১ ও ১৪৬৫; মিশকাত হা/১৬৩০।

[2]. ইবনু মাজাহ হা/১১৩৬।

[3]. তামামুল মিন্নাহ, পৃঃ ৩৩৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন